

“শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন শাখা
www.bmet.gov.bd



আগস্ট/২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার সভাপতি : জনাব মোঃ শহীদুল আলম এনডিসি (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
তারিখ : ০৮/০৮/২০২২ খ্রিঃ, সকাল ১০.০০ টা
সভার স্থান : বিএমইটি'র সম্মেলন কক্ষ

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে মহাপরিচালক ও সভাপতি সভা শুরু করেন। সভাপতির প্রারম্ভিক বক্তব্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ই আগস্ট ১৯৭৫ সালে শহীদ সকলের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ঐর জন্মবার্ষিকী এবং জ্যেষ্ঠপুত্র শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানানো হয়। সভায় সভাপতি মহোদয় এক বছরে বিএমইটি'র অর্জনগুলোর জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বিএমইটি'র সাফল্য এবং ঘুরে দাড়ানোর জন্য সকলকে নিষ্ঠা, সততা ও দক্ষতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের আহবানসহ বিএমইটি'র সকল কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে পালনের আহবান জানান।

২। বিগত জুলাই/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে ৩.৪ নং অনুচ্ছেদে অনলাইনের স্থলে অনলাইন এবং ম্যানুয়ালে প্রাপ্ত সকল তথ্য রেজিস্টারে অন্তর্ভুক্ত করার সংশোধনীটি গৃহীত হয়। অন্য কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণ করা হয়। অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০১। প্রশাসন ও অর্থ শাখার কার্যক্রম:

১.১ APA/NIS লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত:

সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA/NIS) ও উপপরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরের APA/NIS প্রতিবেদন প্রমাণকসহ প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগের সফটওয়্যারে যথাসময়ে আপলোড করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সভাপঞ্জি তৈরি করা হয়েছে।

সিদ্ধান্ত-১.১: ২০২২-২৩ APA/NIS এর কর্মসম্পাদন সূচক অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্টদের সচেতন হওয়ার নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে: পরিচালক (সকল), প্রকল্প পরিচালক (সকল), ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA/NIS)।

১.২ জনবল নিয়োগ সংক্রান্ত:

১.২ (ক) সভায় পরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, কম্পিউটার পার্সোনেল এর ১৪টি পদে জনবল নিয়োগ এবং নিয়োগ সংক্রান্ত মামলাগুলোর বিষয়ে ডিপিএস সভা গত ০১/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সিদ্ধান্তের আলোকে “অনলাইন নিয়োগ প্রক্রিয়া কার্যক্রম” সংক্রান্তে টেলিটক কর্তৃপক্ষের সাথে MoU স্বাক্ষর হয়েছে। ১৬/০৮/২০২২ তারিখের ডিপিএস সভায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের বিষয়টি চূড়ান্ত হবে।

১.২(খ) ১০৭৬টি শূন্যপদ ৪৪টি ক্যাটাগরিতে নিয়োগের জন্য গত ০৪/০৮/২০২২ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ের ছাড়পত্র পাওয়া গেছে।

সিদ্ধান্ত- ১.২(ক): কম্পিউটার পার্সোনেল এর ১৪টি পদে জনবল নিয়োগের জন্য ডিপিএস সভার সিদ্ধান্ত মোতাবেক বিজ্ঞপ্তি প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ)।

সিদ্ধান্ত-১.২ (খ): ১০৭৬ টি শূন্যপদে নিয়োগের জন্য নিয়োগবিধি চূড়ান্ত হওয়ার পরে ছোট ছোট গ্রুপে বিভক্ত করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করার সিদ্ধান্ত হয়। এ সংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ কোন ব্যাখ্যা থাকলে তা পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়।

১.৩ PDS বাস্তবায়ন সংক্রান্ত :

সভায় উপপরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, STEP এর সহায়তায় Leads Corporation কর্তৃক Human Resoures Development Software মডিউল Enhancement অনুযায়ী PDS এ ৩১/০৭/২০২২ পর্যন্ত ২,৩২৭ জনের ডাটা আপলোড হয়েছে। এখনও যারা ডাটা আপলোড করেননি তাদেরকে অবগত করা হয়েছে।

সিদ্ধান্ত -১.৩: PDS এ সেসকল প্রতিষ্ঠান এখনও ডাটা আপলোড করেন নাই তাদের ১৬/০৮/২০২২ তারিখের মধ্যে ডাটা আপলোডের নির্দেশনা দেওয়া হয়। এ সময়ের মধ্য ডাটা আপলোড না করলে তাদের বিষয়ে আদেশ জারীর সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: উপপরিচালক (প্রশাসন ও অর্থ)।

আইটি শাখা:

১.৪ বিএমইটি'র সার্ভার সংক্রান্ত :

বিএমইটি'র সার্ভার ব্যবস্থাপনার বিষয়ে সিস্টেম এনালিস্ট জানান যে, সার্ভারে ডাটা স্টোরেজ এর সমস্যার কারণে PDS এর ডাটা সংরক্ষণে সমস্যার সৃষ্টি হচ্ছে। সার্ভারে নতুন পাওয়ার সাপ্লাই, নেটওয়ার্ক সুইচ, ইকুপমেন্ট সংযোজনের প্রয়োজনীয়তার উল্লেখ করেন।

সিদ্ধান্ত- ১.৪: বিএমইটি'র সার্ভার ব্যবস্থাপনার দায়িত্ব সুনির্দিষ্ট করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অর্গানোগ্রামসহ নথি উপস্থাপনের নির্দেশনা দেওয়া হয়। বিএমইটি'র সার্ভার প্রশাসন শাখার অধীনে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। সার্ভার সংক্রান্ত বিষয়ে অডিট করার ১টি সিস্টেম রাখার নির্দেশনা দেওয়া হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং সিস্টেম এনালিস্ট।

সাধারণ সেবা :

১.৫ জ্বালানী ব্যয় সাশ্রয় সংক্রান্ত :

সভায় উপপরিচালক (সাধারণ সেবা) বলেন বহিরাগতদের গাড়ী প্রবেশীকার সংরক্ষিত রাখার নির্দেশনা মোতাবেক বাস্তবায়িত। তিনি আরো জানান যে, বাজেটের স্বল্পতা এবং জ্বালানী তেল/গ্যাস এর মূল্য বৃদ্ধিতে বিএমইটি'র পরিবহনপুলের গাড়ীগুলোর জ্বালানী সরবরাহ বিঘ্নিত হচ্ছে।

সিদ্ধান্ত- ১.৫: বিএমইটি'র পরিবহনপুল গাড়ীগুলোর জ্বালানী তেলের খরচ ২৫% কমানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। জ্বালানী তেলের খরচ ৫০% এর উর্ধ্বে না করার নির্দেশনা প্রদান করা হয়। এ সংক্রান্ত বিষয়ে সাধারণ সেবা শাখা একটি কার্যবিবরণী প্রস্তুত করবেন।

বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপপরিচালক (সাধারণ সেবা)

০২। বহির্গমন শাখার কার্যক্রমঃ

২.১ বহির্গমন শাখার জনসমাগম সুসূক্ষ্ম করানো এবং ফাইলিং সিস্টেমসহ বহির্গমন শাখার সার্ভিস সংক্রান্ত:

পরিচালক (বহির্গমন) সমন্বয় সভায় জানান যে, বহির্গমন শাখার সার্ভার খোলা রাখা এবং বন্ধ রাখার সময় নির্ধারণ কার্যকর আছে। তিনি আরও জানান যে, বৃহস্পতিবার বহির্গমন ছাড়পত্র সংক্রান্ত কাজের চাপ বেশি থাকায় মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত সময় সার্ভার খোলা থাকে। তিনি বলেন মালয়েশিয়া গমনকারী কর্মীদের স্মার্ট সার্টিফিকেট করার বিষয়টি প্রক্রিয়াধীন।

সিদ্ধান্ত - ২.১: সপ্তাহের যে দিন বেশি লোড থাকে সেদিন সার্ভার বেশি সময় খোলা রাখার বিষয়টি সভা করে নির্ধারণ করার সিদ্ধান্ত হয়। বহির্গমন শাখার নথি সংরক্ষণ, কার্ড বিতরণের সময় নির্ধারণসহ যাবতীয় বিষয়গুলো নিয়ে একটি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: পরিচালক (বহির্গমন ও প্রটোকল)

০৩। কর্মসংস্থান শাখার কার্যক্রমঃ

৩.১ রিক্রুটিং এজেন্সির প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত:

উপপরিচালক (কর্মসংস্থান) সভায় জানান যে, মহাপরিচালক মহোদয়ের মৌখিক নির্দেশক্রমে নতুন করে রিক্রুটিং এজেন্সির প্রতিনিধি মনোনয়ন বা নিয়োগকৃত প্রতিনিধির সময়সীমা নবায়ন স্থগিত রয়েছে। প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে প্রাথমিকভাবে একটি গাইড লাইন প্রস্তুত করা হয়েছে। উক্ত গাইড লাইন মহাপরিচালক মহোদয়ের সিদ্ধান্ত ও পরবর্তী নির্দেশনার জন্য ইতোমধ্যে নথি উপস্থাপন করা হয়েছে।

সিদ্ধান্ত - ৩.১: রিক্রুটিং এজেন্সির প্রতিনিধির মনোনয়নের বিষয়ে পূর্ণাঙ্গ নির্দেশনা ফরমের মাধ্যমে হবে এবং নির্দেশনটি মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপনের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (কর্মসংস্থান)



৩.২ RAIMS বাস্তবায়ন সংক্রান্ত :

সভায় উপপরিচালক (কর্মসংস্থান) জানান যে, সকল রিক্রুটিং এজেন্সি RAIMS এ তথ্য আপলোড করে নাই সেই সকল রিক্রুটিং এজেন্সিকে RAIMS এ তথ্য আপলোড করার নির্দেশনা প্রদানের জন্য সর্বশেষ একটি পত্র বায়রা বরাবর প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে ১১৩৩ টি রিক্রুটিং এজেন্সি RAIMS এ তথ্য আপলোড করেছে।

সিদ্ধান্ত - ৩.২: যে সকল রিক্রুটিং এজেন্সি RAIMS-এ স্ব স্ব এজেন্সির তথ্য আপলোড করেন নাই সেই সকল রিক্রুটিং এজেন্সিকে RAIMS এ ডাটা আপলোড না করার কারণে কৈফিয়ত তলব করার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (কর্মসংস্থান)

৩.৩ নামের অনুমোদন সংক্রান্ত:

রিক্রুটিং এজেন্সির নামের অনুমোদনের বিষয়টি উপপরিচালক পর্যায়ে থাকবেনা, পূর্বের ন্যায় পরিচালক পর্যায়ে থাকবে অথবা আবেদন মহাপরিচালক পর্যায়ে অনুমোদন হয়ে অবনমিত হবে-এ বিষয়গুলো নিয়ে আলোচনা হয়।

সিদ্ধান্ত-৩.৩ কোন ধারায় প্রক্রিয়াটি সহজতর ও ফলপ্রসূ পর্যালোচনা করে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

বাস্তবায়নে: পরিচালক (কর্মসংস্থান)

৩.৪ রিক্রুটিং এজেন্সির লাইসেন্স বহি সংক্রান্ত :

সভায় উপপরিচালক (কর্মসংস্থান) জানান যে, ডিজিটাল লাইসেন্স বুক করার বিষয়ে পূর্বের আলোচনা ও সিদ্ধান্ত অনুযায়ী ইতোমধ্যে গত ২৩.০৬.২০২২ তারিখে প্রকিউরমেন্ট এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউও নোট প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে উপ-পরিচালক (সাধারণ সেবা) সাথে বারংবার মৌখিকভাবে কথা হয়েছে। যেহেতু প্রকিউরমেন্ট এর বিষয়টি সাধারণ সেবা হতে করা হয় একারণে সভা সাধারণ সেবা হতে করা হলে তা অধিকতর কার্যকর হবে। তবে বিদ্যমান লাইসেন্স বুক এর আদলে কনটেন্ট তৈরি করে EOI এর জন্য উপ-পরিচালক সাধারণ সেবাকে দেওয়া হয়েছে। এক্ষেত্রে একটি কমিটি করে তা চূড়ান্ত ও পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

সিদ্ধান্ত - ৩.৪: রিক্রুটিং এজেন্সির লাইসেন্স বহি এর পরিবর্তে লাইসেন্স কার্ড করার সিদ্ধান্ত হয়। লাইসেন্স কার্ডে রিক্রুটিং এজেন্সির RAIMS-এর তথ্যের সাথে অটো সিনক্রোনাইজ হবে। প্রশাসন (সাধারণ সেবা) হতে প্রকিউরমেন্ট এর ব্যবস্থা গ্রহণ করা হবে। তবে এর পূর্বে দুত লাইসেন্স বহি এর ডিজিটাল প্যাটার্ন নিতে হবে, তা নিয়ে টেকনিক্যাল এক্সপার্টসহ একটি সভার আয়োজন করবে-সিস্টেম এনালিস্ট, পরিচালক কর্মসংস্থান, উপপরিচালক (কর্মসংস্থান) জনাব জোহরা মনসুর এবং অতিরিক্ত মহাপরিচালক সমন্বয়ে। প্রাথমিক কনটেন্ট প্রস্তুত করা হচ্ছে। উক্ত কনটেন্ট এর আলোকে ডিজাইন প্যাটার্ন এর বিষয়ে সিদ্ধান্ত নিতে প্রসিকিউরমেন্ট এর ব্যবস্থা করতে হবে। সেপ্টেম্বর ২০২২ এর মধ্যে ডিজিটাল করার নির্দেশনা দেওয়া হয়।

বাস্তবায়নে: পরিচালক (কর্মসংস্থান) এবং পরিচালক (প্রশাসন ও অর্থ)।

৩.৫ GRS (অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা):

উপপরিচালক (কর্মসংস্থান) সভায় জানান, মন্ত্রী পরিষদের GRS (অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা) নিয়ে কাজ করা হচ্ছে। ILO তে কিছু ফিল্ড সংযোজন ছাড়া কাজ বাস্তবায়ন করা সম্ভবপর নয়। রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে কর্মীদের অভিযোগ বিএমইটির GRS (অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা) অন্তর্ভুক্ত হবে কিনা এ বিষয়ে পরিষ্কার ধারণার জন্য মন্ত্রী পরিষদ বিভাগের কর্মকর্তাসহ একটি সভা/কর্মশালার আয়োজন করার বিষয় ছিল। এটি আগস্ট/২২ এর চতুর্থ সপ্তাহে সম্ভাব্য তারিখ নির্ধারণ করা যেতে পারে। গন্তব্য দেশে বিরূপ পরিস্থিতির কারণে মহিলা কর্মীদের থেকে প্রাপ্ত অভিযোগগুলো দুত সময়ে সমাধানের লক্ষ্যে সৌদি আরবের শ্রম উইং এর কর্মকর্তাদের সাথে জুম মিটিং সেপ্টেম্বর/২২ এর সম্ভাব্য তারিখ নির্ধারণ করা যেতে পারে।

সিদ্ধান্ত -৩.৫: GRS (অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা) এ প্রাপ্ত অভিযোগগুলো পরিচালক হতে মহাপরিচালক মহোদয় কমপক্ষে ১দিন করে শুনানী করবেন। GRS সহজতর করার লক্ষ্যে অতিরিক্ত মহাপরিচালক ও পরিচালকদের সমন্বয়ে গণশুনানীর আয়োজন করবেন। কর্মসংস্থান শাখা অভিযোগগুলির তালিকা এবং উপস্থাপনা করবেন মর্মে সিদ্ধান্ত হয়। শুনানীর সময় প্রত্যেক উপপরিচালকগণ উপস্থিত থাকবেন।

বাস্তবায়নে: পরিচালক (কর্মসংস্থান)

০৪। প্রশিক্ষণ শাখার কার্যক্রমঃ

৪.১ NTVQF/RPL প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত :

সভায় পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালার আওতায় NTVQF Level-2 অনুযায়ী বর্তমানে ৬৪ টিটিসিতে বিভিন্ন ট্রেডে NTVQF লেভেল অনুযায়ী চলমান প্রশিক্ষণ পরিচালনার বিষয়ে তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রাপ্ত তথ্যানুযায়ী টিটিসিসমূহে জুলাই-সেপ্টেম্বর/২২ সেশনে প্রতিটি ট্রেড লেভেল-১ অনুযায়ী প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে। এক্ষেত্রে উচ্চতর পর্যায় হিসেবে লেভেল-২/৩ প্রশিক্ষণ প্রদানের সক্ষমতার বিষয়ে টিটিসিসমূহ হতে তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রাপ্ত তথ্যানুযায়ী কোন কোন টিটিসি কয়টি ট্রেডে লেভেল-২ পরিচালনার সক্ষমতা রয়েছে তার তালিকা প্রস্তুত করা হয়েছে। উক্ত তালিকার ভিত্তিতে পরবর্তী সেশনে টিটিসিসমূহে লেভেল-২ কোর্স পরিচালনা করা হবে।

সিদ্ধান্ত - ৪.১: NTVQF/RPL এর আওতায় Level কোর্স পরিচালনার বিষয়ে টিটিসি/আইএমটিসমূহ সার্ভে করে প্রতিবেদন করতে হবে। এ বিষয়ে একটি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) ও উপপরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)।

০৫। প্রশিক্ষণ মান ও পরিকল্পনা শাখার কার্যক্রমঃ

৫.১ টিটিসি ও আইএমটি সমূহে সকল কোর্সে ছাত্র ভর্তি সংক্রান্ত :

সভায় পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) সকল টিটিসি ও আইএমটি সমূহে ছাত্র ভর্তির বিষয়ে সক্ষমতা অনুযায়ী প্রশিক্ষণার্থীদের ভর্তির বিষয়ে আলোচনা করেন।

সিদ্ধান্ত - ৫.১: সকল টিটিসি ও আইএমটি সমূহে কোন আসন খালি না রাখার সিদ্ধান্ত হয়। সকল প্রশিক্ষণার্থীদেরকে Industrial Attachment করানোর উদ্যোগ নিতে হবে। বড় ইন্ডাস্ট্রিতে লিংকেজ রাখার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা)

৫.২ টিটিসি ও আইএমটি সমূহে PDO কোর্স সংক্রান্ত :

সভায় টিটিসি ও আইএমটি সমূহে PDO কোর্সে রিসোর্স পার্সনদেরকে নিয়ে ক্লাস পরিচালনার বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্ত - ৫.২: টিটিসি ও আইএমটি সমূহে PDO কোর্সে বিদেশ ফেরত, এনজিও প্রতিনিধিসহ যারা প্রবাসী কর্মী নিয়ে কাজ করেন তাদের মধ্যে থেকে ২০/২৫ জনের একটি টিম গঠন করে ক্লাস পরিচালনার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা)

০৬। '৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পঃ

৬.১ প্রকল্পের নকশা সংক্রান্ত :

সভায় উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব জাহাঙ্গীর হোসেন জানান '৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পটির সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে একটি সভা গত ২৬/০৭/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। তিনি আরও জানান যে, প্রকল্প বাস্তবায়নে বাজেট চাওয়া হয়েছে।

সিদ্ধান্ত -৬.১: প্রকল্পটির বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব জাহাঙ্গীর হোসেন

৬.২ 'উপজেলা পর্যায়ে ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পঃ

উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব জাহাঙ্গীর হোসেন 'উপজেলা পর্যায়ে ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পটির সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে একটি সভা গত ২৬/০৭/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। তিনি আরও জানান যে, প্রকল্প বাস্তবায়নে বাজেট চাওয়া হয়েছে।

সিদ্ধান্ত - ৬.২: প্রকল্পটির বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) ও উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব জাহাঙ্গীর হোসেন

০৭। 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প'

৭.১: প্রকল্প পরিচালক (দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প) সভায় 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্পের' অধীনে কত জন প্রশিক্ষার্থী ভর্তি হয়েছেন, তন্মধ্যে বিআরটিএ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, কতজন লাইসেন্স প্রাপ্ত হয়েছেন এবং কতজন স্মার্ট কার্ড পেয়েছেন তার তথ্য উপস্থাপন করেন। তিনি আরও জানান প্রকল্পটির অর্থায়ন প্রাপ্তির বিষয়টি সমস্যা সমাধানে চেষ্টা করা হচ্ছে।

সিদ্ধান্ত - ৭.১: 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্পের' অধীনে প্রশিক্ষার্থী ভর্তি এবং উত্তীর্ণ প্রশিক্ষার্থীদের মধ্য হতে কতজন চাকুরী পেয়েছে তার তথ্য সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক (দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প)

০৮। '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্প :

৮.১: প্রকল্প পরিচালক (৪০টি টিটিসি শীর্ষক প্রকল্প) সভায় জানান '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্পের ২৪টি টিটিসি গত ২৮/০৭/২০২২ খ্রিঃ তারিখে ওসমানী স্মৃতি মিলনাতয়নে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়েছে। এজন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি মাননীয় প্রধান মন্ত্রী কর্তৃক ২৪টি টিটিসি সফলভাবে উদ্বোধন করার প্রকল্প সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ লেটার মহাপরিচালক মহোদয় কর্তৃক প্রদানের বিষয়ে বলেন।

সিদ্ধান্ত - ৮.১: '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্পের ২৪টি টিটিসি মাননীয় প্রধান মন্ত্রী কর্তৃক সফলভাবে উদ্বোধনের জন্য প্রকল্প সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ লেটার দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক (৪০টি টিটিসি শীর্ষক প্রকল্প) ও পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)


৯। ডিইএমও, ঢাকা'র কার্যক্রম:

১০.১: ঢাকা ডিইএমও এর সহকারী পরিচালক সভায় জানান, ডিইএমও এর মাধ্যমে যেসকল বিদেশগামী কর্মী রেজিস্ট্রেশন করেন তাদের ফিঞ্জার এবং রেজিস্ট্রেশন একই সঙ্গে সম্পন্ন করা হয় এবং তাদের প্রদেয় রেজিস্ট্রেশন ফি হতে কম্পিউটার অপারেটরদের পারিশ্রমিক প্রদানের ব্যবস্থা হয়ে থাকে। কিন্তু যেসকল বিদেশগামী কর্মী 'অ্যামি প্রবাসী অ্যাপস' এর মাধ্যমে রেজিস্ট্রেশন করেন তারা শুধু রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করেন। তাদেরকে ফিঞ্জার এর জন্য ডিইএমওতে আসতে হয়। অ্যামি প্রবাসী অ্যাপসে রেজিস্ট্রেশনের সময় তারা রেজিস্ট্রেশন ফি অ্যাপস কর্তৃপক্ষকে প্রদান করার ডিইএমওতে ফিঞ্জার গ্রহণকারী কম্পিউটার অপারেটর এর পারিশ্রমিক বিল পরিষদে জটিলতার সৃষ্টি হচ্ছে।

সিদ্ধান্ত – ৯.১: বিদেশগামী কর্মীদের রেজিস্ট্রেশন এবং ফিঞ্জার প্রিন্ট কার্যক্রমের আলাদা আলাদা সম্মানী প্রদানের বিষয়ে ওয়েজ আর্নার্স কল্যান বোর্ড এ প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: পরিচালক (বহির্গমন) এবং সহকারী পরিচালক, ডিইএমও, ঢাকা।

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের অনুরোধ ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ শহীদুল আলম, এনএডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৪৯৩৪৯৯২৫ (অফিস)
Email-dg@bmet.org.bd.

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০২.০৬.০০২.২২. ২০৬৫

তারিখ: ৩০ .০৮.২০২২ খ্রিঃ।

অনুলিপিঃ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) বিএমইটি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (সকল) বিএমইটি, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অধ্যক্ষ, আইএমটি/ বিআইএমটি/ টিটিসি (সকল) ।
৬. ঊর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
৭. উপপরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা।
৯. সহকারী পরিচালক (সকল) , বিএমইটি, ঢাকা।
১০. পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
১১. সহকারী পরিচালক, বিভাগীয়/জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর, ঢাকা।
১২. সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. মাস্টার নথি/২০২২।